# অর্থনীতি

বিষয় কোড : | ১ | ৪ | ১ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ দুলাল মিয়ার তিন ছেলে মেয়ে নিয়ে সংসার। সরকারি চাকুরে। অভাব তার নিত্যসঙ্গী। অল্পস্বল্প বেতন এবং দুই এক টুকরো জমি চাষ করে সকল অভাব পূরণ করতে পারে না। ছেলেমেয়েদের স্কুলের বেতন দেয়তো, তাদের পোশাক কেনার সামর্থ্য থাকে না। এভাবেই কষ্ট করে চলে তার সাংসারিক জীবন।

ক. 'অর্থশাস্ত্র' কার লেখা? ১

খ. মিশ্র অর্থব্যবস্থা বলতে কী বোঝায়? ২

গ. অভাব পূরণের ক্ষেত্রে দুলাল মিয়ার কী কী সমস্যা দেখা দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'দুলাল মিয়ার মত অন্য সকলের অভাবের শেষ নেই'— বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ রানার লেখা কবিতা সাপ্তাহিক ম্যাগাজিনে প্রকাশিত হওয়ায় বন্ধুরা তার অনেক প্রশংসা করলো। রানার বাবাও খুব খুশি হলো এবং তাকে একটি নতুন ড্রেস কিনে দিল। এতে রানা খুব আনন্দিত হলো।

ক. সঞ্চয় কী? ১

খ. অর্থনৈতিক কার্যাবলি কাকে বলে? ব্যাখ্যা কর। ২

গ. রানার বাবা রানাকে যে উপহারটি দেয় সেটি অর্থনীতিতে কী ধরনের দ্রব্য? ব্যাখ্যা কর। ৩

ঘ. রানার কাজটি কী সম্পদ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩.** ▶ রায়হান সাহেব একজন বিক্রেতা। তার X দ্রব্যের যোগানসূচি নিম্নরূপ:

| প্রতি একক দ্রব্যের দাম (টাকায়) | যোগানের পরিমাণ (কেজি) |
|---|---|
| ১০ টাকা | ৫ কেজি |
| ২০ টাকা | ১০ কেজি |
| ৩০ টাকা | ১৫ কেজি |

ক. উপযোগ কী? ১

খ. চাহিদা বিধিটি ব্যাখ্যা কর। ২

http://teachingbd.com

গ. রায়হান সাহেবের X দ্রব্যের যোগান রেখা অঙ্কন করে ব্যাখ্যা কর। ৩

ঘ. X দ্রব্যের বিকল্প দ্রব্যের দাম বৃদ্ধি পেলে রায়হান সাহেবের যোগানে কীরূপ পরিবর্তন হতে পারে? মতামত দাও। ৪

৪.▶ আকাশ মিয়া তার ৩ একর জমিতে আমের বাগান করেছেন। বাগানে প্রায় ২০০টি আমের গাছ আছে। এ বছর তিনি উপকরণ বাবদ ৩০ হাজার টাকা ব্যয় হয়। আমের ফলনও ভাল হয়। আকাশ ও তার ছেলে মিলে ঘুম ও আরাম ত্যাগ করে পাখি ও চোরের হাত থেকে বাগান রক্ষা করেন।

ক. প্রকাশ্য ব্যয় কী? ১

খ. স্থানগত উৎপাদন বলতে কী বোঝ? ২

গ. আকাশ মিয়ার বাগানের ক্ষেত্রে ব্যয়ের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. "উৎপাদন করতে গেলে এ দুই ধরনের ব্যয় খুবই প্রয়োজনীয়" —উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৫.▶ জনাব কামাল সাহেব নিরমা নামের একটি সাবান উৎপাদনকারী প্রতিষ্ঠানের নীতিনির্ধারক। তার প্রতিদ্বন্দ্বী প্রতিষ্ঠান হলো গন্ধরাজ সাবান। বাজারে আরও অনেক এরূপ সাবান তৈরির প্রতিষ্ঠান আছে। গত কয়েক মাস আগে নিরমা সাবানে নতুন ধরনের প্রযুক্তি উদ্ভাবন করায় উৎপাদন খরচ কমে গেছে। ফলে বাজারে এর দাম হ্রাস পেয়েছেন। ফলে বাজারে গন্ধরাজ সাবানের চাহিদা সামান্য কমেছে। কিন্তু একেবারে শূন্য হয়নি।

ক. একচেটিয়া বাজারে MR রেখা AR রেখার কোন দিকে অবস্থার করে? ১

খ. পূর্ণ প্রতিযোগিতার বাজার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত 'নিরমা' ও গন্ধরাজ সাবানের বাজার কোন ধরনের বাজার? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'নিরমা সাবানের দাম হ্রাস পাওয়ায় গন্ধরাজ সাবানের চাহিদা কমেছে কিন্তু শূন্য হয়নি'— উক্তিটির যথার্থতা যাচাই করো। ৪

৬.▶ রেজা সাহেব একটি ভালো বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। ভালো বেতন পান। সরকারকে প্রতিবছর কর দেন। উনি এবং উনার প্রতিষ্ঠান সরকারের আয় পরিমাপে বিভিন্ন পরিসংখ্যান দিয়ে থাকেন। তিনি তার দীর্ঘ অভিজ্ঞতা থেকে মনে করেন জাতীয় আয় পরিমাপ খুবই জটিল ও সমস্যাপূর্ণ বিষয়।

ক. জাতীয় আয় পরিমাপে সাধারণত কয়টি পদ্ধতি ব্যবহৃত হয়? ১

http://teachingbd.com

খ. উৎপাদন পদ্ধতিতে কীভাবে জাতীয় আয় পরিমাপ করা হয়? ২

গ. কর পরিশোধের পর রেজা সাহেবের বেতনের যে অংশ থাকে তাকে কী বলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জাতীয় আয় পরিমাপের পদ্ধতিগুলো পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৭.** ▶ শামসু একটি ব্যাংকে তার ব্যক্তিগত কাজের জন্য গেলে তাকে বলা হয় এ ব্যাংক সরাসরি কোন ব্যক্তির সজো লেনদেন করে না। পরে অন্য একটি ব্যাংকে গিয়ে সে হিসাব খোলে। প্রয়োজনে টাকা তুলতে পারে এজন্য তাকে একটি চেক বইও দেয়।

ক. অর্থ কী? ১

খ. রূপান্তরযোগ্য মুদ্রা কাকে বলে? ব্যাখ্যা কর। ২

গ. শামসু প্রথম যে ব্যাংকে যায় তার কার্যাবলি ব্যাখ্যা কর। ৩

ঘ. ২য় ক্ষেত্রে শামসুর হিসাব খোলার জন্য যে নিয়মগুলো পালন করতে হয় তা বিশ্লেষণ কর। ৪

**৭.** ▶

| প্লাস্টিক দ্রব্য | বাংলাদেশ ব্যাংক |
|---|---|
| ১নং | ২নং |

ক. GNI-এর পূর্ণরূপ কী? ১

খ. কৃষিখাত বলতে কী বোঝায়? ২

গ. ১নং বক্সের দ্রব্যটি কোন খাতের? ব্যাখ্যা কর। ৩

ঘ. ২নং বক্সের খাতটি কৃষি উন্নয়নে কী কী পদক্ষেপ নেয়? তোমার সুপারিশমালা ব্যক্ত কর। ৪

**৯.** ▶ শাহানারা বেগম একজন ব্যাংকার। তিনি নিজে তার সংসার পরিচালনার জন্য বাজেট তৈরি করেন। কিন্তু বছরের শেষে দেখা যায় তার বাজেটটি ঘাটতি বাজেট।

ক. বাজেট কী? ১

খ. মূলধনী বাজেট কাকে বলে? ২

গ. উদ্দীপকের শাহানারা বেগমের বাজেটে যে ঘাটতি দেখা যায় তার সংসারে তা কী প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের শাহানারা বেগমের সংসার পরিচালনার মতো রাষ্ট্রীয় ক্ষেত্রে বাজেট প্রয়োগ কতটা জরুরি বলে তুমি মনে কর। ৪

Teachingbd.com

# অর্থনীতি : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড : | ১ | ৪ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **অর্থনীতির জনক কে?**
ক ডেভিড রিকার্ডো খ এরিস্টটল
গ এডাম স্মিথ ঘ এল রবিনস

২. **সম্পদের উপর রাষ্ট্রীয় মালিকানা বজায় থাকে কোন অর্থব্যবস্থায়?**
ক ধনতান্ত্রিক খ সমাজতান্ত্রিক
গ মিশ্র ঘ ইসলামি

৩. **অর্থনৈতিক কার্যক্রম সংগঠিত করার জন্য বাজার একটি উত্তম পন্থা কেননা এতে—**
i. এতে দর কষাকষি করা যায়
ii. সস্তায় ভোগ্যদ্রব্যের ক্রয় করা যায়
iii. চাহিদা অনুযায়ী দ্রব্য উৎপাদন করা যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৪. **অর্থনীতিকে 'অপ্রাচুর্যের বিজ্ঞান' বলে অভিহিত করেছেন কে?**
ক এল রবিনস খ এডাম স্মিথ
গ রিকোর্ডো ঘ মার্শাল

৫. **সুন্দরবনের মোট আয়তন কত?**
ক ৬০১৬ বর্গ কিঃ মিঃ খ ৬০১৭ বর্গ কিঃ মিঃ
গ ৬০১৮ বর্গ কিঃ মিঃ ঘ ৬০১৯ বর্গ কিঃ মিঃ

৬. **বাংলাদেশের পানির প্রধান উৎস কয়টি?**
ক ৩টি খ ৪টি
গ ৫টি ঘ ৬টি

৭. **বাংলাদেশ কৃষি প্রধান দেশ। বাংলাদেশে যে ধরনের অর্থকরী ফসল উৎপন্ন হয়—**
i. পাট ii. ইক্ষু iii. চা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. **যন্ত্রপাতি, কারখানা, গুদামঘর কোন জাতীয় দ্রব্য?**
ক মূলধনী দ্রব্য খ অস্থায়ী দ্রব্য
গ অর্থনৈতিক দ্রব্য ঘ অবাধলভ্য দ্রব্য

৯. **অর্থনীতিতে চাহিদার শর্ত কয়টি?**
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

১০. **বাজার ভারসাম্যের ক্ষেত্রে নিচের কোন শর্তটি প্রযোজ্য?**
ক যে বিন্দুতে চাহিদা = যোগান
খ যে বিন্দুতে চাহিদা > যোগান
গ যে বিন্দুতে চাহিদা < যোগান
ঘ যে বিন্দুতে চাহিদা = যোগান

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নগুলোর উত্তর দাও।**

তাহসিন স্কুলে গিয়ে পেয়ারা কিনে খেল। তার পেয়ারার উপযোগ সূচি দেওয়া হলো—

| দ্রব্যের একক | মোট উপযোগ (টাকায়) | প্রান্তিক উপযোগ (টাকায়) |
|---|---|---|
| ১ | ৫ | ৫ |
| ২ | ৯ | ৪ |
| ৩ | ১২ | ? |

১১. **তাহসিনের ৩য় পেয়ারার প্রান্তিক উপযোগ কত?**
ক ৩ টাকা খ ৫ টাকা
গ ৪ টাকা ঘ ২ টাকা

১২. **তাহসিনের উক্ত আচরণে—**
i. স্বাভাবিক অবস্থা প্রকাশ পেয়েছে
ii. পেয়ারার প্রতি আকর্ষণ অপরিবর্তিত রয়েছে
iii. পেয়ারার প্রতি প্রান্তিক উপযোগ ক্রমান্বয়ে কমেছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৩. **কোন কাজটি সংগঠকের?**
ক বাজারজাতকরণ খ বিক্রয়
গ ক্রয়
ঘ সমন্বয় সাধন ও ঝুঁকি গ্রহণ


১৪. **উৎপাদন প্রক্রিয়া কত প্রকার?**
ক তিন খ চার
গ পাঁচ ঘ দুই

১৫. **ফার্মের হিসাব বইয়ে কোন ধরনের ব্যয় থাকে না?**
ক শ্রমিকের মজুরি খ অফিস ভাড়া
গ উদ্যোক্তার নিজের শ্রমের মূল্য
ঘ মাধ্যমিক দ্রব্য ক্রয়ের জন্য ব্যয়

১৬. **ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি কার্যকর না হওয়ার সমর্থনযোগ্য কারণ—**
i. উৎপাদনের পরিবর্তন হলে
ii. প্রযুক্তিগত পরিবর্তন হলে
iii. ভূমির উর্বরতা বৃদ্ধি পেলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. **'দ্রব্যের মূল্য নির্ধারণ চাহিদা ও যোগান উভয়ই সমান গুরুত্বপূর্ণ'— উক্তিটি কার?**
ক মার্শাল খ এল রবিনস
গ পল স্যামুয়েলসন ঘ চ্যাপম্যান

**অনুচ্ছেদটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নগুলোর উত্তর দাও।**




যেখানে, AR = গড় আয়
MR = প্রান্তিক আয়
P = দাম

১৮. **চিত্রে কোন বাজারকে নির্দেশ করছে?**
ক পূর্ণ প্রতিযোগিতা খ একচেটিয়া বাজার
গ একচেটিয়া প্রতিযোগিতা ঘ অলিগোপলি

১৯. **উক্ত বাজারে গড় আয় ও প্রান্তিক আয় সমান হওয়ার কারণ—**
i. নির্দিষ্ট ক্রেতা বা বিক্রেতার দাম নির্ধারণের ভূমিকা নেই
ii. দীর্ঘমেয়াদে চাহিদা ও যোগান স্থানান্তর দ্বারা ভারসাম্য সৃষ্টি
iii. এই বাজারে নতুন কোনো ফার্ম অংশগ্রহণ করতে পারে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

Teachingbd.com

২০. তিতাস গ্যাস কোন ধরনের বাজার?
ক ডুয়োপলি　খ অলিগোপলি
গ একচেটিয়া　ঘ পূর্ণ প্রতিযোগিতা

২১. জাতীয় আয় গণনায় নিচের কোন দ্রব্যটি ধরা হয়?
ক চূড়ান্ত দ্রব্য ও সেবার মূল্য
খ মাধ্যমিক দ্রব্য ও সেবার মূল্য
গ সরকারি ঋণের সুদ
ঘ দুর্নীতির মাধ্যমে অর্জিত আয়

২২. বাংলাদেশে মোট দেশজ উৎপাদনের সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্ধারক কোনটি?
ক মূলধন　খ শ্রম
গ প্রযুক্তি
ঘ ভূমি ও প্রাকৃতিক সম্পদ

২৩. জাতীয় আয় গণনার মূলত পদ্ধতি কয়টি?
ক ২টি　খ ৩টি
গ ৪টি　ঘ ৫টি

২৪. কৃষির উপখাতগুলো হলো—
i. প্রাণিসম্পদ　ii. বনজ সম্পদ
iii. মৎস্য সম্পদ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৫. চেক, ব্যাংক ড্রাফট, প্রাইজবন্ড কী ধরনের মুদ্রা?
ক ঐচ্ছিক মুদ্রা　খ বিহিত মুদ্রা
গ কাগজি মুদ্রা　ঘ হিসাবী মুদ্রা

২৬. যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?
ক ফেডারেল রিজার্ভ সিস্টেম
খ লয়েড ব্যাংক
গ চার্টার্ড ব্যাংক
ঘ ন্যাশনাল ব্যাংক লিঃ

২৭. কোনটি বিশেষায়িত ব্যাংক?
ক বাংলাদেশ ব্যাংক　খ সোনালী ব্যাংক
গ গ্রামীণ ব্যাংক　ঘ সঞ্চয়ী ব্যাংক

২৮. কেন্দ্রীয় ব্যাংকের প্রধান উদ্দেশ্য —
i. মুনাফা সর্বোচ্চকরণ
ii. অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষা
iii. জনকল্যাণ সর্বোচ্চকরণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৯. দেশের শ্রমশক্তির কত শতাংশ কৃষিখাতে নিয়োজিত?
ক ৪৩.৬০ শতাংশ　খ ৩০.৩০ শতাংশ
গ ৪২.৩০ শতাংশ　ঘ ১৯.৯২ শতাংশ

৩০. ২০০৯-১০ অর্থবছরে মোট মৎস্যসম্পদ উৎপাদনের পরিমাণ কত ছিল?
ক ৩২.৯০ লক্ষ মেট্রিক টন
খ ৩০.৩৩ লক্ষ মেট্রিক টন
গ ২৮.৯৯ লক্ষ মেট্রিক টন
ঘ ২৭.৯৩ লক্ষ মেট্রিক টন

৩১. EPZ এর পূর্ণ রূপ কোনটি?
ক Export Promotion Zone
খ Export Producing Zone
গ Export Performance Zone
ঘ Export Processing Zone

৩২. বাংলাদেশ সরকারের শিল্পনীতি ২০১০ ঘোষণা করার উদ্দেশ্য হলো—
i. কর্মসংস্থান বাড়ানো
ii. শিল্পক্ষেত্রে নারীদের অগ্রগামী করা
iii. করের পরিমাণ বাড়িয়ে বিনিয়োগ বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৩. প্রবৃদ্ধি হচ্ছে—
ক উন্নয়নের অংশ　খ প্রবৃদ্ধি ও উন্নয় একই কথা
গ মাথাপিছু আয় বৃদ্ধি　ঘ জাতীয় আয় বৃদ্ধি

৩৪. কৃষিপণ্যের মূল্যের অস্থিতিশীলতার ফলে —
i. কৃষক উৎপাদনে অনীহা প্রকাশ করে
ii. প্রচ্ছন্ন বেকারত্ব বৃদ্ধি পায়
iii. জীবন নির্বাহী ক্ষুদ্র খামারের প্রসার ঘটে
নিচের কোনটি সঠিক?
ক i　খ i ও ii
গ ii ও iii　ঘ i, ii ও iii

অনুচ্ছেদটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নগুলোর উত্তর দাও।

নাছিমার দেশটি পর্যাপ্ত প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ। সে দেশটি সব সময় দক্ষ জনশক্তি গঠনে বিশেষ নজর রাখে। সেখানকার পরিবহন ব্যবস্থা উন্নত ও রাজনৈতিক অবস্থা স্থিতিশীল। নাছিমা তার দেশটি নিয়ে খুবই গর্ববোধ করে।

৩৫. উদ্দীপকের নাছিমার দেশটির সাথে নিচের কোনটির মিল খুঁজে পাওয়া যায়?
ক উন্নত দেশ　খ অনুন্নত দেশ
গ উন্নয়নশীল দেশ　ঘ স্থবির দেশ

৩৬. নাছিমার দেশটি দক্ষ জনশক্তি গঠনে যে ভূমিকা রাখে—
i. উন্নত শিক্ষা ব্যবস্থা
ii. প্রশিক্ষণ　iii. গবেষণা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৭. VAT এর পূর্ণরূপ কোনটি?
ক Value Advance Tax
খ Vocational Added Tax
গ Varities Added Tax　ঘ Value Added Tax

৩৮. বাংলাদেশের আর্থিক আলোচ্য বিষয় —
ক জানুয়ারি-ডিসেম্বর　খ জুন-জুলাই
গ ডিসেম্বর-জানুয়ারি　ঘ জুলাই-জুন

৩৯. সরকারি অর্থব্যবস্থায় আলোচ্য বিষয় —
i. সরকারের আয়　ii. সরকারের ব্যয়
iii. সরকারের উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৪০. অ-উন্নয়ন বাজেটের মূল লক্ষ্য—
i. অর্থনৈতিক উন্নয়ন　ii. দেশ রক্ষা
iii. দেশের প্রশাসন সুষ্ঠুভাবে পরিচালনা করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | গ |
| | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | গ |

http://teachingbd.com